9. Registrar General and Census Commissioner, 1977, Census of India 1971, Social and Cultural Tables, Series I-India, Part II-C(ii), New Delhi.

10. Registrar General and Census Commissioner, 1993, Census of India 1991, Final Population Totals: Brief Analysis of Primary Census Abstract, Series-1, New Delhi.

11. Sen, Amartya K. 1989. Women's Survival as a Development Problem. *Bulletin of American Academy of Arts and Sciences* 43, no. 2:14-29.

12. The World Bank, 1997a, India: Achievement and Challenges in Reducing Poverty, Washington, DC.

13. The World Bank, 1997b, Primary Education in India, Washington, DC.

14. Victoria A. Velkoff, 1998, Women of the World: Women's Education in India. U.S. Department of Commerce. Oct, 1998.

15. Visaria, P. M. 1971. *Sex Ratio of the Population of India.* New Delhi: Ministery of Home Affairs.

জনসম্পদ উন্নয়নে অন্যতম অন্তরায় জনবিস্ফোরণ

নিতাই শ

ভূমিকা

জনবিস্ফোরণ ভারতবর্ষের বিভিন্ন আর্থ-সামাজিক সমস্যার মত আজ এক জ্বলন্ত সমস্যা। বিভিন্ন প্রথিতযশা বিজ্ঞানী, সমাজসেবী, অর্থনীতিবিদ থেকে শুরু করে রাষ্ট্রনায়ক, চিকিৎসাবিজ্ঞানী সকলে এই বিষয়ে তাদের মূল্যবান সময় ব্যয় করে চলেছেন। আমাদের দেশে বিভিন্ন সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে প্রধান অন্তরায় এই জনবিস্ফোরণ।

বিভিন্ন পরিকল্পনা ও স্বাধীনোত্তর সময়ে জনসংখ্যা

স্বাধীনতার পরবর্তীসময়ে ভারতবর্ষে জনসংখ্যা নিয়ন্ত্রণে বহু পরিকল্পনা নেওয়া হয়। বিভিন্ন কমিশন গঠন করা হয়। ১৯৫১ সালে ভারতের নতুন পরিকল্পনা নীতি গৃহীত হয়। ১৯৫২ সালে ভারত সরকার প্রথম পরিবার পরিকল্পনা নীতি গ্রহণ করে। ১৯৭৮ সালে আলমা আটা ঘোষণায় স্বাক্ষর দেবার পর ২০০০ সালে ভারত সরকার গ্রামীণ- স্বাস্থ্য পরিকল্পনা উন্নয়নের দিকে লক্ষ রেখে " সকলের জন্য স্বাস্থ্য" এই প্রকল্প চালু করে। ১৯৮০ সালে চালু হয় জাতীয় জনসংখ্যা শিক্ষা প্রকল্প। ১৯৮৬ সালে গৃহীত হয় জাতীয় শিক্ষানীতি। ২০০২ সালে চালু হয় স্বাস্থ্যনীতি। পৃথিবীর মধ্যে প্রথম ভারতবর্ষে পরিবার পরিকল্পনা কর্মসূচী সূচিত হয়। এতসব পরিকল্পনা ও নীতি গৃহীত হলেও বাস্তব কিছু সমস্যা ও ধারাবাহিকতার অভাবে জন্ম নিয়ন্ত্রণে যথাযথ ভূমিকা পালনে ব্যর্থ হয়।

আমরা জানি প্রতি বছর ভারতবর্ষে যে পরিমাণ জনসংখ্যা বৃদ্ধি পায় তা প্রায় অস্ট্রেলিয়ার মোট জনসংখ্যার সমান। প্রতি বছর ভারতবর্ষে প্রায় ১ কোটি ৮০ লক্ষ মানুষ জন্ম নেয়। ২০০০ সালে ১১ মে শিশু কন্যা আস্থার জন্ম ভারতবর্ষের জনসংখ্যা ১০০কোটিতে পৌঁছে দেয়। জনসংখ্যাবিদ্‌রা আশঙ্কা প্রকাশ করেছেন ভারতবর্ষের জনসংখ্যা অনিয়ন্ত্রিত ভাবে বৃদ্ধি পাওয়ায় আগামী ২০৪৫ সালে চিনের জনসংখ্যাকেও ছাপিয়ে যাবে। অন্যদিকে ১২ আগস্ট ১৯৯৯ সালে বিশ্ব জনসংখ্যা ৬০০ কোটিতে পৌঁছায়। ২০২৫ সালে তা বেড়ে দাঁড়াবে প্রায় ৮৫০ কোটিতে।

বিশ্বব্যাপী মানুষের গড় আয়ু বাড়ছে। বাড়ছে বয়স্ক মানুষের সংখ্যা। বিশ্বের উন্নয়নশীল দেশগুলিতে জনসংখ্যা বৃদ্ধির হার কমছে, বিশ্বের উন্নত দেশগুলিতে সম্পদ ভোগের মাথাপিছু হার উন্নয়নশীল দেশ অপেক্ষা ১৫ গুণ বেশী। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর স্বল্পোন্নত দেশগুলির জনসংখ্যার ব্যাপক বৃদ্ধি ঘটে।

১৭৫০ সালে যেখানে বিশ্ব জনসংখ্যা ছিল ৭৯.১ কোটি, সেখানে ১৮০০ সালে ৯৭.৮ কোটি, ১৮৫০ সালে ১২৬.২ কোটি, ১৯৯১ সালে ৫৯৭.৮ কোটি, ২০০৮ সালে বিশ্বে জনসংখ্যা হয় ৬৭০.৭ কোটি। ২০৫০ সালে সম্ভাব্য বিশ্বে জনসংখ্যা হবে প্রায় ১০০০ কোটি।

এখন বিশ্ব জনসংখ্যার বৃদ্ধির হার কমছে। কারণ জনন ক্ষমতা এখন কম। বিশ্বে জননী পিছু শিশুর হার ২.৬৮। বর্তমান বিশ্বে প্রতি ১ হাজারে ৫৫ জন, একদশক আগে যা ছিল ৬৬জন শিশু। প্রত্যাশিত আয়ু বেড়ে দাঁড়িয়েছে গড়ে ৬৩.৯ (পুরুষ) ৬৮.১ (মহিলা)।

২০০২ সালের এর সূত্র অনুযায়ী ২০০২ সালে বিশ্ব জনসংখ্যার প্রেক্ষিতে প্রথম দশটি দেশের মধ্যে চিন প্রথম ১২৯.৪৪কোটি, দ্বিতীয় ভারত ১০৪.১১ কোটি, মার্কিন যুক্তরাষ্ট্র ২৮.৮৫ কোটি, দশম স্থানে নাইজিরিয়া ১২ কোটিতে অবস্থান করলেও, ২০৫০ সালে ভারতের জনসংখ্যা চিনের জনসংখ্যাকে ছাপিয়ে হবে ১৫৭.২১ কোটি।

প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ধরে নেওয়া হয়েছিল যে ভারতে জনসংখ্যা বৃদ্ধি পাবে ১.৫ হারে, তবে তা হয়নি, সেখানে হয়েছে ২-এরও বেশী হারে। ১৯৫১ সাল থেকে যদি ১.৫ হারে জনসংখ্যা বৃদ্ধি পেত তবে নতুন ভারতের জনসংখ্যা

৩৬ কোটি থেকে হয়তো ৬৫ কোটিতে এসে দাঁড়াত। অর্থাৎ মাথা পিছু অন্ন, বস্ত্র, বাসস্থানের ব্যবস্থা অনেক সহজ হত। সেই জায়গায় আজকে ১১০ কোটিরও বেশী মানুষের অন্ন, বস্ত্র ও বাসস্থানের সংস্থান করতে হচ্ছে। অতিরিক্ত জনসংখ্যার চাপে সার্বিক জনস্বাস্থ্যের অভাব ঘটছে। পরিবর্তন ঘটছে মানুষের আচরণের। তার ফলে পরিবর্তন হচ্ছে সম্পর্কেরও।

গত শতাব্দীর শেষে পৃথিবীর জনসংখ্যা বৃদ্ধি পায় প্রায় তিনগুণ। সেখানে ভারতের জনসংখ্যা বৃদ্ধি পেয়েছে প্রায় পাঁচ গুণ। সারা পৃথিবীর মোট জনসংখ্যার প্রায় ২৫ শতাংশের বাস এশিয়ার ৪টি দেশে। ভারতে ১৬.৮৭, ইন্দোনেশিয়ায় ৩.৪৯, পাকিস্তানে ২.৫৮ এবং বাংলাদেশে ২.১৩।

ভারতে প্রতি হাজারে জন্ম নিচ্ছে(২০০১) ২৪.২৮ জন শিশু এবং মারা যায় ৪.৭৪ জনের। কাজেই স্বাভাবিক বিকাশ হার ১.৫৫। জীবিত নবজাতকের মধ্যে ভারতের গ্রামাঞ্চলে মারা যায় প্রতি হাজারে ৭২ জন (ভারতে), রাজস্থানে-৮৫, উত্তর প্রদেশে ৮৭, মধ্যপ্রদেশে ৯৬, উড়িষ্যায় ১০০ জন শিশু। কেরালায় সবচেয়ে কম, প্রতি হাজারে মারা যায় ১৪জন শিশু।

আমাদের দেশের মধ্যে জনসংখ্যা বৃদ্ধির হার অন্যান্য রাজ্যের তুলনায়- রাজস্থান, উত্তরপ্রদেশ, বিহার ও মধ্যপ্রদেশে সবচেয়ে বেশী। সারা ভারতবর্ষের প্রেক্ষিতে কন্যা ভ্রূণের হত্যা আবার পাঞ্জাব, গুজরাট ও হরিয়াণাতে বেশী। এ এক সামাজিক ব্যাধি।

বিশ্ব জনসংখ্যার নিরিখে ভারতে মোট ১৬ শতাংশ মানুষ বাস করে বিশ্বের ২.৪ শতাংশ জমিতে। ১৫ বছরের নিচে মানুষের বাস ভারতে ৩৬ শতাংশ।

পরিবার পরিকল্পনা, নারী জাগরণ ও শিক্ষা

গত প্রায় তিনদশক ধরে আমাদের দেশে পরিবার পরিকল্পনা কর্মসূচী চালু আছে। এই পরিকল্পনায় যা বলা হয়, তা হল পরিবার প্রতি জনসংখ্যা হ্রাস অর্থাৎ ছোট পরিবার, সুখী পরিবার। 'হাম দো, হামারো দো' এই সমস্ত স্লোগান ভারতবর্ষের বিপুল পরিমাণ নিরক্ষর মানুষের মধ্যে পরিবারের শিশুদের নিরাপত্তা দেবার ক্ষেত্রে নিশ্চয়তা কোথায়। সেজন্য প্রতিবার শিশু প্রসবের পর একটি মাত্র পুত্র সন্তানের আশায় যখন দেখা যায় আবারও কন্যা শিশুর জন্ম। এই ভাবে একটি পরিবারে সন্তানের সংখ্যা বৃদ্ধি পায়। এর ফলে বাবা-মা হয় কন্যা ভ্রূণ হত্যা করে, না হয় জন্মের পর কন্যার প্রতি অযত্ন, শিক্ষার প্রতি অবহেলা, এমনকি কন্যা সন্তানকে বেচে দেবার মতো ঘটনা যেমন ঘটে আবার সন্তানকে কুপথে চালনার ক্ষেত্রে বাবা-মায়ের প্রচ্ছন্ন মদতও থাকে। এই সমস্ত সামাজিক অবক্ষয় দেখা দেবে, যদি না নারীমুক্তি, নারী জাগরণ সর্বোপরি নারীশিক্ষার অগ্রগতি ঘটে।

আজকের প্রতিটি স্তরে বৈষম্যের কারণে পুরুষ ও নারীর অনুপাত কমছে। ১৯৮১ সালে প্রতি হাজার পিছু মহিলার সংখ্যা ছিল ৯৩৪ জন, ১৯৯১ সালে এই সংখ্যা দাঁড়ায় ৯২৭।

জনশিক্ষার সঙ্গে জনসংখ্যার এক গুরুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে। শিক্ষার হারে বৃদ্ধির সঙ্গে জনসংখ্যা নিয়ন্ত্রণ হবে। কেরালার শিক্ষার হার সমস্ত ভারতবর্ষের মধ্যে বেশি, তাই তো এখানে শিশু মৃত্যুর হার ও কম। আমাদের দেশে নারী পুরুষের বৈষম্যের নজির রয়েছে বহু রাজ্যেই। নারী শিক্ষার বিকাশ এই বৈষম্য দূর করবে। তাই স্কুলশিক্ষা গবেষণায় দেখা গেছে দশ বা তার বেশি বছর ধরে স্কুলশিক্ষা প্রাপ্ত মেয়েদের তুলনায় স্কুলে না যাওয়া মহিলার সন্তান সংখ্যা প্রায় দ্বিগুণ। ভারতে মহিলা সাক্ষরতার হার ৫৪.২ শতাংশ। প্রাথমিক ও উচ্চ প্রাথমিক স্তরেও বিদ্যালয় ছুটের সংখ্যা ছেলেদের থেকে মেয়েদের বেশী। উচ্চশিক্ষার দিকে যতই অগ্রসর হওয়া যাবে, পার্থক্যটা ততই বেশী চোখে পড়বে। শিক্ষায় সবচেয়ে অবহেলিত গ্রামীণ মহিলারা। আরও বেশী তপশিলী জাতি ও উপজাতি মহিলাদের অংশে। এটাও দেখা গেছে অর্থনৈতিক ভাবে যে সমস্ত রাজ্য এগিয়ে রয়েছে, যেমন পাঞ্জাব, হরিয়াণা, উত্তর প্রদেশ, গুজরাট, দিল্লি, চন্ডীগড়, এখানে শিশু লিঙ্গ অনুপাতের ক্রমশ অবনতি ঘটছে।

শিশু ও নারীর পুষ্টি

স্বাস্থ্য ও পুষ্টির ক্ষেত্রে নারী ও শিশু কন্যার প্রতি অবহেলা আমাদের লজ্জায় ফেলেছে। এখানে বহু সমাজে এখনও দেখা যায় বাড়ীর বয়স্ক পুরুষ, বালকরা খাবার পর অবশিষ্ট যা থাকে সেই খাবার খেয়েই জীবনধারণ করতে হয় বাড়ীর মহিলা ও কন্যাসন্তানদের। সন্তানসম্ভব্য মায়েদের ন্যূনতম যে পুষ্টির প্রয়োজন তাও তারা সময়মত পান না। একজন ভারতীয় মহিলা সারাদিনে ২২৫০ ক্যালরিযুক্ত খাবার দরকার যা তারা পান না। স্বাধীনতার ৬০ বছর পরেও আজও ভারতের এক তৃতীয়াংশ মানুষ অর্ধাহারে বা অনাহারে থাকেন। ন্যূনতম পুষ্টিকর খাবার তারা পান না। ভারতে মোট জনসংখ্যার তিন ভাগ মানুষ এখন শিক্ষা ও স্বাস্থ্য পরিষেবা থেকে অনেক পিছিয়ে। শিক্ষার আলো পৌছায়নি, খাবার তারা পান না। ভারতে মোট জনসংখ্যার তিন ভাগ মানুষ এখন শিক্ষা ও স্বাস্থ্য পরিষেবার আওতা থেকে বাইরে। শিক্ষার আলো পৌছায়নি এখনও বহু গ্রামে। ফলে নানা পশ্চাদপদতা এখনও আমাদের চিন্তায় ফেলেছে। কুসংস্কার, অজ্ঞতার অন্ধকারে আচ্ছন্ন বহু মানুষ। তৃতীয় বিশ্বের দেশ ভারতবর্ষে দ্রুত হারে জনসংখ্যা বৃদ্ধি দেশের উন্নয়নকে ক্রমশই ব্যাহত করবে। এই চেতনা এখনও অনেকেরই তৈরী হয়নি, ফলে সমস্যা ক্রমেই বেড়ে চলেছে।

অধিক জনসংখ্যা নিয়ে চিনের উন্নয়ন

অপর দিকে চিনের ছবিটা যদি আমরা দেখি, দেখবো ভারতের পরে ১৯৪৯ সালে ১লা অক্টোবর বিশাল জনসংখ্যা নিয়ে স্বাধীনতা পেলেও সুনির্দিষ্টি কর্মসুচী ও পরিকল্পনা নিয়ে উন্নয়নের গতিকে অব্যাহত রেখেছে। সারা বিশ্বে ২০০২ সালে ১৩০ কোটি সর্ব বৃহৎ জনসংখ্যা নিয়েও মাথা তুলে দাঁড়িয়েছে। বিপুল জনসংখ্যার দেশ চিন মানুষের আর্থ সামাজিক দিকগুলির উন্নয়নের জন্য সর্বদাই চেষ্টা করে চলেছে। কৃষি ও শিল্পের উন্নয়নের সঙ্গে জনসাধারণের শিক্ষা- স্বাস্থ্য পরিষেবা দেবার ক্ষেত্রেও সর্বদাই সচেষ্ট। মানুষের মধ্যে ব্যাপক শিক্ষা বিস্তারের ফলে নিরক্ষরতাকে দূরে সরিয়ে শিক্ষার আলোয় আলোকিত সমগ্র দেশ। এগিয়ে গেছে আমাদের থেকে অনেকাংশে। সার্বিক শিক্ষার বিস্তার, উন্নত স্বাস্থ্য পরিষেবা, মানুষের কর্মসংস্থান বৃদ্ধি,জীবনযাত্রার মানের পরিবর্তন ঘটিয়েছে অনেকখানি।

জনসংখ্যা বৃদ্ধির ফলে আগামী দিনে যে সমস্ত সমস্যাগুলি প্রকট হয়ে উঠবে সেগুলি হল —

নিদারুণ খাদ্য সংকট, বাসস্থানের সমস্যা, কর্মসংস্থানের অভাব, পরিবেশের দূষণ বৃদ্ধি, পরিবেশের ভারসাম্য হ্রাস, সার্বিক জনস্বাস্থ্য সমস্যা ইত্যাদি।

অত্যধিক জনসংখ্যার ফলে জমির পরিমাণ হ্রাস পাবার সঙ্গে সঙ্গে মোট উৎপাদনের পরিমাণ হ্রাস পাবে। জনসংখ্যা বৃদ্ধি সঙ্গে উৎপাদন তাল মেলাতে পারবে না। জমিতে অধিকবার খাদ্য উৎপাদনের লক্ষে রাসায়নিক সারের প্রয়োগ জমিতে বৃদ্ধি পাবে। এর ফলে একদিকে যেমন জমির উর্বরতা শক্তি হ্রাস পাবে, অন্যদিকে জলদূষণের সমস্যাও বৃদ্ধি পাবে। জলবাহিত বিভিন্ন রোগের প্রাদুর্ভাব দেখা দেবে। মানুষের জীবনযাত্রার মানের অবনতির সঙ্গে সঙ্গে আর্থিক স্বাচ্ছন্দ্য, স্বাস্থ্য ও শিক্ষার মানও হ্রাস পাবে। মানুষের সংখ্যা বৃদ্ধির সঙ্গে কর্মসংস্থানের সম্ভাবনা হ্রাসের সঙ্গে সঙ্গে শ্রমের মূল্যও হ্রাস পাবে, কর্মচ্যুতিও বেড়ে যাবে।

সামাজিক ও অর্থনৈতিক বৈষম্য জনমানসে সুষম বিকাশের প্রধান অন্তরায় হয়ে উঠবে। শ্রেণিবিভক্ত সমাজে রাষ্ট্রের সম্পদ সমান ভাবে বন্টিত নয়, ফলে সামাজিক উন্নয়নেরও ব্যাঘাত ঘটছে। সমাজের কিছু মানুষের কাছে অধিক সম্পদ, সমাজে দারিদ্র বৃদ্ধি পাবে। প্রাকৃতিক ও সামাজিক সম্পদের ন্যূনতম অধিকার থেকে সাধারণ মানুষ আজ বঞ্চিত। সমাজে অন্তহীন দারিদ্র, অশিক্ষা, কুসংস্কারচ্ছন্নতা, স্বাস্থ্যহীনতা, পশ্চাদপদতা মানুষকে ক্রমেই পিছনে ঠেলে দিচ্ছে। বিশ্বায়ন ও উদারীকরণের ঢেউ সারা বিশ্বের সঙ্গে আমাদের দেশেও এসে পড়েছে। দেশীয় শিল্পগুলি ক্রমেই বিপন্নতার মুখে। প্রতিযোগিতা থেকে ছিটকে পড়ছে। এর ফলে জাতীয় উৎপাদনের বৃদ্ধির হার কমছে।

নগরায়ন কর্মসূচী সারা দেশ জুড়ে চললেও পরিকল্পনা অভাব রয়ে গেছে। জমির উপর চাপ বাড়ছে, কৃষি জমির পরিমাণ কমছে, অন্যদিকে কৃষির উপর নির্ভরশীলতাও বাড়ছে, ফলে কৃষিক্ষেত্রে সঙ্কট তৈরী হচ্ছে। উৎপাদনও মার খাচ্ছে। অত্যধিক জনসংখ্যার চাপে এই সমস্ত সমস্যা আরও ঘনীভূত হচ্ছে। বিকল্প চিন্তাভাবনা এখন থেকে না করলে সমস্যা আরও প্রকট হবে।

পঞ্চাশ দশক থেকে সত্তর দশক পর্যন্ত দেশের পুঁজিগঠনে একমাত্র মাধ্যম ছিল রাষ্ট্রায়ত্ত সংস্থা। ১৯৯০ - এর পর বিশ্বায়নের ছোবলে রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলি বিপন্ন হতে শুরু করে। গত ২০০৩ সালে জাতীয় গড় উৎপাদনের অনুপাতে পুঁজিগঠনের ক্ষেত্রে রাষ্টায়ত্ত ক্ষেত্রের অংশ নেমে আসে ১৮ শতাংশে।

নারী ও পুরুষ সমান সমান

নারী ও পুরুষের সমান অধিকার সামাজিক দৃষ্টিভঙ্গির পরিবর্তনের মাধ্যমে নারীর অস্তিত্বকে টিকিয়ে রাখা সম্ভব। শিশুর লালন পালনের ক্ষেত্রে- নারীরাও সমান অংশীদার। সমাজে নারীর অতিরিক্ত ক্ষমতা ও স্বাধীনতা নারীর সামাজিক অধিকার ও মর্যাদা বৃদ্ধি করবে। সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক সাংস্কৃতিক ক্ষেত্রসহ অন্যান্য ক্ষেত্রেও অবদান রাখার নতুন দিগন্ত তাদের সামনে খুলে যাবে।

নারী শিক্ষার বিস্তার, চাকুরী ক্ষেত্রে সংরক্ষণের প্রয়োজনীয়তা, লিঙ্গ বৈষম্য দুর করে নারীর প্রতি সমান অধিকার, নারীর মতামত প্রকাশের অধিকার এবং ক্ষমতা প্রদানের মাধ্যমেই নারীকে যথাযথ মর্যাদা দেওয়া হবে।

আমরা যদি সমগ্র পৃথিবীর কয়েক দশকে উন্নয়নমুখী পরিবর্তনের দিকগুলি নিয়ে ভাবনাচিন্তা করি, তবে দেখবো, মেয়েরা এই পরিবর্তনের ক্ষেত্রে এক উল্লেখযোগ্য ভূমিকা পালন করে চলেছে। পরিসংখ্যানের দিকে তাকালে দেখবো নারীরা সমান ভাবে পুরুষের সঙ্গে পাল্লা দিয়ে এই উন্নয়নের গতিকে সচল রেখেছে। পৈতৃক সম্পত্তিতে মেয়েদের সমান অধিকার মেয়েদের ভবিষ্যৎ সম্পর্কে নিশ্চয়তা এনে দিতে পারে।

পরিবারের সদস্য সংখ্যা নির্ণয়, তাদের মতামত দেবার ক্ষমতা প্রদানের মাধ্যমে নারী শক্তি জাগ্রত হবে। সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক বিকাশের ক্ষেত্রে মহিলাদের সক্রিয় অংশগ্রহণ, দেশ তথা জাতির সর্বাধিক বিকাশ ঘটাবে। নারী-পুরুষের প্রতিযোগিতা নয়, সমতা আনাই হবে সমাজ তথা নারী উন্নয়নের প্রধান লক্ষ।

জনসম্পদ সম্বন্ধীয় শিক্ষা

জনসংখ্যা সম্বন্ধীয় শিক্ষার প্রসার মানুষকে জন্ম নিয়ন্ত্রণে সক্ষম করবে। মেয়েরা শুধু কল্যাণমূলক কর্মসূচীর প্রাপকই নয়, দেশের উন্নয়ন প্রক্রিয়ারও সমান অংশীদার। ১৯৮৪ সালে আমাদের দেশে জাতীয় জনসম্পদ বিষয়ক শিক্ষা প্রকল্প শুরু হয়। ২০০২ সাল পর্যন্ত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরে মানব সম্পদ উন্নয়নে নানা কর্মসূচী গ্রহণ করা হয়। ২০০৪ সাল থেকে পুনরায় বিদ্যালয় শিক্ষার গুণগত মান উন্নয়নের লক্ষ্যে জনসম্পদ বিষয়ক শিক্ষা প্রকল্প চালু হয়। তা পশ্চিমবঙ্গের সমস্ত বিদ্যালয়গুলিতে রূপায়ণের দায়িত্বে রয়েছে স্টেট কাউন্সিল অফ এডুকেশনাল রিসার্চ ও ট্রেনিং - পশ্চিমবঙ্গ।

জনসংখ্যা নিয়ন্ত্রণে যে সমস্ত বিষয়গুলিকে এখানে অধিক গুরুত্ব দেওয়া হয়েছে, তা হল ধারণযোগ্য উন্নয়ন, লিঙ্গ সমতা ও নারীর ক্ষমতায়ন, বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে জীবনশৈলী শিক্ষা, আর্থ-সামাজিক অবস্থা বিশ্লেষণ, স্বাস্থ্য ও পুষ্টি, শিক্ষা, নগরায়ন ও অভিবাসনের সম্পর্ক অনুধাবন। এই সকল শিক্ষার সমন্বয়ে রূপায়িত হবে সার্বিক জনসম্পদ বিষয়ক শিক্ষা যা শিক্ষক-শিক্ষিকাদের মাধ্যমে সমস্ত স্তরের মানুষের মধ্যে সঞ্চারিত হবে।

জনসম্পদ বিষয়ক শিক্ষা কর্মসূচী পরিকল্পনা ও রূপায়ণ জাতীয় ও আন্তর্জাতিক ও রাজ্য স্তরের বিভিন্ন ভাবনার সমন্বিত রূপ। এই সকল বিষয় নিয়ে ১৯৯৪ সালে কায়রোতে এক আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হয়, যেখানে বিভিন্ন দেশের জনসংখ্যা বিশারদ, সমাজবিজ্ঞানী ও রাষ্ট্রের প্রতিনিধিদের নিয়ে আলোচনায় মূল যে ভাবনাটি গুরুত্ব পায় তা হল জনসম্পদ সম্বন্ধীয় শিক্ষা এমন এক শিক্ষণ প্রক্রিয়া যা সমস্ত শিক্ষার্থীদের জনসংখ্যা ও উন্নয়নের সম্পর্ক, জনসংখ্যা বৃদ্ধি ও

হ্রাসের কারণ ও ফলাফল ও জনসংখ্যার স্থিতাবস্থার গুরুত্ব উপলব্ধিতে সহায়ক হবে। জনসংখ্যা ও উন্নয়ন এই ধারণাই সকলের মধ্যে সঞ্চারনের মাধ্যমে জনসম্পদ সৃষ্টির প্রধান পদক্ষেপ।

মেয়েরা আজ অনেকেই উচ্চশিক্ষার সুযোগ পেয়েছেন, বিভিন্ন ক্ষেত্রে আজ তাঁরা সুপ্রতিষ্ঠিত। জীবনে বহু বাধা বিঘ্ন অতিক্রম করে এগিয়ে গেলেও পথ খুব একটা মসৃণ নয়। এক্ষেত্রে শুধু মহিলা নন, পুরুষদেরও সজাগ হতে হবে, সমস্ত সহযোগিতার হাত বাড়িয়ে দিতে হবে।

উপযুক্ত পরিকল্পনা

হিউমেন ডেভেলপমেন্ট ইনডেক্স-জন উন্নয়ন সূচী পরিবর্তনের লক্ষ্যে মানুষের জীবনযাত্রার মানের যেমন উন্নয়ন ঘটাতে হবে এর সঙ্গে উৎপাদনের পরিমাণ বৃদ্ধি ও জনপ্রতি আয়ের বৃদ্ধি ঘটাতে হবে।

জনমানস, হিউমেন রিসোর্স বা মানব সম্পদের উন্নয়ন দেশের সার্বিক পরিস্থিতি ও পরিবেশ পরিকল্পনার উপর নির্ভর করে। ইংল্যান্ডে শিল্প বিপ্লবের সময় জনসংখ্যা বৃদ্ধি শিল্পায়নকে ত্বরান্বিত করে। মানবসম্পদকে শিল্পের কাজে যুক্ত করে শিল্পায়নের কাজকে সহায়তা করে। অতিরিক্ত জনসংখ্যা অভ্যন্তরীণ বাজার সৃষ্টি করে, মানুষের মধ্যে দ্রব্যের চাহিদা বাড়ায়-মাথা পিছু আয় বৃদ্ধি প্রাপ্ত হয়। অপর দিকে এই সময়ে জার্মান ও ফ্রান্সে জনসংখ্যা হ্রাস সত্ত্বেও শিল্পায়ন ঘটাতে সাহায্য করেছে।

ভারতের স্বাধীনতা লাভের ৬০ বছর অতিক্রান্ত। বর্তমানে দেশের মোট জনসংখ্যার ১/৩ ভাগ মানুষ দারিদ্র সীমার নিচে বসবাস করছে। দুবেলা পেট পুরে খেতেও পায় না। খাদ্য উৎপাদনে স্বয়ম্ভর থাকলেও উপযুক্ত পরিকল্পনার অভাব, যথাযথ বন্টনের ব্যবস্থা না থাকায় এই সমস্যা থেকেই যাচ্ছে। জনসংখ্যার উত্তরোত্তর বৃদ্ধি সমস্যাকে আরও ঘনীভূত করছে।

সমস্যা -সমাধান এবং প্রতিকারের উপায়

২০৪৫ সালের মধ্যে জনসংখ্যাকে এক স্থিত অবস্থায় আনতে ভারত সরকার বিভিন্ন কার্যক্রম হাতে নিয়েছে। তার মধ্যে বিশেষ গুরুত্বপূর্ণ হলো শিক্ষা ও স্বাস্থ্যের উন্নতি।

- সকলের মধ্যে শিক্ষা, বিশেষ করে শিশুকন্যাকে শিক্ষার আলোয় আলোকিত করা।
- ১৪ বৎসর বয়স পর্যন্ত শিশুদের বাধ্যতামূলক বিদ্যালয় শিক্ষার জন্য আইন করা হয়েছে। যে সমস্ত শিশু বিদ্যালয় থেকে বিচ্যুত হয়েছে তাদের পুনরায় বিদ্যালয়মুখী করার এক পরিকল্পনা কেন্দ্রীয় সরকার নিয়েছে, সারা দেশের সঙ্গে পশ্চিমবঙ্গেও তা বাস্তবায়নের লক্ষ্যে এগিয়ে চলেছে। দেখা গেছে যে সমস্ত বাবা উচ্চশিক্ষিত, তাঁদের ৭/৮টি সন্তান থাকতে পারে, কিন্তু যে সমস্ত মায়েরা উচ্চশিক্ষিত তাঁদের কখনই ৭/৮টি সন্তান থাকতে পারে না, অর্থাৎ নারীশিক্ষাই অতিরিক্ত জন্মহার রোধ করতে সক্ষম।
- জন্মবৃদ্ধি হারের সঙ্গে সঙ্গে মৃত্যুহারও কমানো। কেন্দ্রীয় সরকার ১৯৫১ সালে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার পর থেকেই বিভিন্ন পরিকল্পনায় জনসংখ্যা বৃদ্ধিরোধ করার কর্মসূচি গ্রহণ করে।

১৯৫১ সালে মৃত্যুহার ২৫.১ থেকে ১৯৯৬ সালে তা ৮.৯-এ নিয়ে আসা হয়, অষ্টম পরিকল্পনায় জন্মহার ৬ থেকে কমিয়ে ৩.৪- এ নিয়ে আসা হয়, নবম পরিকল্পনায় তা দাঁড়ায় ৩.৯ হারে।

শিশু ও মায়ের মৃত্যুর হার কমে যাবার কারণ বিভিন্ন পরিবার- পরিকল্পনা যা মানুষ গ্রহণ ক'রে স্বাস্থ্য পরিষেবার মানেরও আস্তে আস্তে বৃদ্ধি ঘটে। ১৯৭০-এর প্রথম দিকে একশ্রেণির মানুষের মধ্যে এই পরিকল্পনা সমাদর পায়। ইনফরমেশন, কমিউনিকেশন এবং এডুকেশন (আইসিই)- এর মাধ্যমে শিশু ও মায়ের স্বাস্থ্যের উপর জোর দেবার ফলে জনসংখ্যা বৃদ্ধিকে অনেকাংশে রোধ করা যায়।

- শিশু মৃত্যুর হার কমিয়ে আনা হয়েছে। প্রতি হাজারে শিশু মৃত্যু ৩০ জনেরও কম করে আনা সম্ভব হয়েছে।
- মেয়েদের বিবাহ ১৮ বছররের নিচে দেওয়া আইনে নিষিদ্ধ করা হয়েছে।

- জন্ম ও মৃত্যুর নথীভুক্তকরণের উপর জোর দেওয়া হয়েছে যাতে জনসংখ্যা বৃদ্ধি এবং মৃত্যুর সঠিক তথ্য পাওয়া যায়।
- মৃত্যুর হার কমানো- বিভিন্ন রোগের হাত থেকে শিশুকে বাঁচানো, গর্ভাবস্থায় মা ও শিশুকে মৃত্যুর হাত থেকে বাঁচানো এবং সাধারণ স্বাস্থ্যের উন্নতি সহ স্বাস্থ্যচেতনা বিকাশের মাধ্যমে মৃত্যুহার কমানো যাবে।
- জন্মহার কমানোর বিভিন্ন উপায়- সরকারী ও বেসরকারী প্রচার, গর্ভনিরোধক অস্থায়ী ব্যবস্থা গ্রহণ যেমন কপার টি পদ্ধতি, গর্ভনিরোধক বড়ি সেবন, শিশুকন্যার শিক্ষা বিস্তার এবং সবরকমের ক্লিনিক্যাল ব্যবস্থা করা।

ভারতবর্ষের মতো উন্নয়নশীল দেশে দ্রুত অগ্রগতির জন্য একদিকে যেমন সামাজিক, অর্থনৈতিক, শিক্ষা ও স্বাস্থ্যের ক্ষেত্রে উন্নতির প্রয়োজন, তেমনি জনসংখ্যা বৃদ্ধির হারের রোধ প্রয়োজন। এরজন্য যা যা ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন তা হলো, জন্মনিয়ন্ত্রণ, মাতৃমঙ্গল ও শিশুকল্যাণ কর্মসূচির সার্থক রূপায়ণ।

- পরিবার পরিকল্পনা বাস্তবে রূপায়িত হলে প্রাকৃতিক ও মানবসম্পদ উন্নয়নে বিশেষভাবে সহায়তা করে। ব্যক্তিগত ও জাতীয় স্তরে জীবনযাত্রার মান উন্নয়নে সহায়তা করে। এ বিষয়ে বিভিন্ন শিক্ষামূলক কার্যক্রমের দ্বারা খবর সরবরাহ করা হয়। যাকে আমরা ইংরেজীতে বলি ইনফরমেশন, এডুকেশন ও মোটিভেশন অর্থাৎ উপযুক্ত তথ্য ও উৎসাহদানের মাধ্যমে পরিবার পরিকল্পনাকে বাস্তবে রূপদান করা সম্ভব।
- এছাড়া সবচেয়ে বেশি করে দরকার তা হলো, মানুষের মধ্যে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি। উপযুক্ত জনসংখ্যা সম্বন্ধীয় শিক্ষা মানুষকে জনসংখ্যা সমস্যা সম্বন্ধে উপযুক্ত শিক্ষা দেবে এবং মানুষের মধ্যে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি করবে, যার মাধ্যমে জন্মহার বৃদ্ধিরোধ করার সঙ্গে সঙ্গে মৃত্যুর হারও কমিয়ে আনা সম্ভব হবে।
- সবশেষে জনসংখ্যা নিয়ন্ত্রণ সম্পর্কে সরকারী বিভিন্ন উদ্যোগের সঙ্গে সঙ্গে বেসরকারী উদ্যোগ সহ সচেতন নাগরিকদেরও এ দায়িত্ব নিতে হবে। বিভিন্ন অংশের মানুষের চেতনার মানকে উন্নত করার লক্ষ্যে, অগণিত পিছিয়ে পড়া মানুষ, হতদরিদ্র, নিপীড়িত, শিক্ষার আলো থেকে বঞ্চিত মানুষের চেতনায়, মননে যুগোপযোগী ভাবনা ও কর্মকে উদ্বুদ্ধ করতে হবে। এই সকল মানুষ যাঁরা সমাজে পিছিয়ে আছেন, দরিদ্র অংশের মানুষ তাদের সমাজের মূলস্রোতে ফিরিয়ে এনে, তাদের সমান অধিকার প্রদান করে দেশকে সমৃদ্ধি ও উন্নয়নের পথে এগিয়ে এবং মানব সভ্যতার ধারা অক্ষুন্ন থাকবে।

তথ্যসূত্র ও সহায়তা

- মেয়েদের চোখে আইন ও আইনের চোখে মেয়েরা - যশোধরা বাগচি ও অনিন্দিতা ভাদুড়ী।
- যাদবপুর বিশ্ববিদ্যালয় উইমেন্স স্টাডিজ বিভাগীয় গ্রন্থাগার।
- অধ্যাপক ড: চিত্তব্রত পালিত, যাদবপুর বিশ্ববিদ্যালয়
- গণশক্তি পত্রিকার বিভিন্ন সংখ্যা
- অধ্যাপক ড: প্রাঞ্জল কুমার ভট্টাচার্য, যাদবপুর বিশ্ববিদ্যালয়
- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ- পশ্চিমবঙ্গ সরকার দ্বারা প্রচারিত পুস্তিকা
- 'জনস্ফীতি থেকে জনবিস্ফোরণ' -ও 'মহিলা ও জনসংখ্যা'- নামক লেখকের প্রবন্ধ।
- ফ্যামিলি প্ল্যানিং অ্যাসোসিয়েশন অব ইন্ডিয়া - কলকাতা চ্যাপ্টার।
- বিশ্ব জনসংখ্যা দিবস প্রাক্কালে দূরদর্শন কেন্দ্র, কলকাতা থেকে ১০.০৭.২০০২- এ সন্ধ্যা ৭.৩০ মিনিটে জনসংখ্যা ও জনসংখ্যা ও দারিদ্র নিয়ে সম্প্রচারের কিছু অংশের উদ্ধৃতি।
- অধ্যাপক ড: দেবকুমার বসু, বিশিষ্ট সমাজসেবী, বিজ্ঞানী ও প্রাক্তন চেয়ারম্যান, পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ।
- শিক্ষা ও সাহিত্য, আষাঢ়, ১৮১২
- জনসম্পদ বিষয়ক শিক্ষা- রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ (পশ্চিমবঙ্গ)
- অধ্যাপক ডঃ রথীন্দ্রনাথ দে - অধিকর্তা, রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ (পশ্চিমবঙ্গ)

NEWSLETTER OF SCERT (WB)

REPORT OF NPEP, SSA & OTHER ACTIVITIES OF STATE COUNCIL OF EDUCATIONAL RESEARCH & TRAINING (WB) IN 2008-09 & 2009-10

State Council of Educational Research & Training (WB) is a service provider to the School Education Department, Govt. of West Bengal for policy formulations in regard to the various aspects of school education. With this role of SCERT in view, the organization took up the following projects in the years 2008-09 and 2009-10.

A) NATIONAL POPULATION EDUCATION PROJECT (NPEP)

SCERT (WB) is the implementing agency of National Population Education Project for West Bengal. SCERT developed a draft manual on Population Education and submitted this draft manual to School Education Department GoWB for observation and to seek permission for carrying out the activities for 2008-2009. It was decided that the manual would be printed and the activities as approved for 2008-2009 by NCERT would be initiated after receiving the observation on the draft manual on Population Education from School Education Department, Govt. of West Bengal. But no activity could be initiated in 2008-09 as the observations of the Department were not received in that year.

After obtaining permission to initiate activities under NPEP in 2009-10 from School Education Department, Govt. of West Bengal, SCERT (WB) published a teachers' training book on Population Education titled "Janasampad Bishayak Shiksha". With this book SCERT organized three one day advocacy / orientation programmes with District Resource Persons (DRPs) as nominated by WBBSE, WBBME, PBRSSM, DPOs, DIETs etc. on 21-23 December 2009. With the help of DRPs, district level teachers' orientation programmes on this book were organized in two districts, namely, Malda (27 – 29 January 2010) and Murshidabad (9 – 11 February 2010).

B) SSA ACTIVITIES

1. Design and development of hands-on activity based Science materials for Upper Primary classes.

SCERT (WB) had developed an activity book titled "Kajer Majhe Bigyan" in Bengali in 2007-08 for upper primary classes. It contained examples of hands-on activities in General Science, Physical Science, Life Science and Geography that can be performed by students using easily available low-cost materials. The activity book was printed by some of the District Project Offices of Sarva Shiksha Mission and was disseminated to the schools. The DIETs and other district level functionaries organized consultations with the teachers in the districts so that they could help students perform the activities.

In 2008-09, the activity book was further modified and developed after receipt of inputs in the form of additional worksheets from districts. In fact, three separate activity books for classes VI, VII and VIII were developed and published in Bengali as per the plan approved by PBSSM. Each activity book contains activities of Environmental Science in addition to those of General Science, Physical Science, Life Science and Geography. An evaluation sheet has been provided at the end of each activity book for recording the performance of students while carrying out the activities. It was decided that the DPOs would print the activity books in sufficient numbers so that they reached all the students of classes VI, VII and VIII in West Bengal.

Both Hindi and English versions of these workbooks are being prepared. SCERT (WB) provides necessary support to districts for orientation of the teachers on this workbook.

2. Development of a manual on Activity-based Mathematics Teaching titled "Kajer Madhyame Ganit" for Upper Primary classes

An activity book titled "Kajer Madhyame Ganit" was developed at SCERT (WB) for upper primary classes in 2007-08. It showcased activities that help to clarify different concepts of Mathematics. In 2008-09, several district level consultations were held, inputs from which helped in the development of three separate activity books for classes VI, VII and VIII. An evaluation sheet has been provided at the end of each activity book for recording the performance of students while carrying out the activities. It was decided that the DPOs would print the activity books in sufficient numbers so that they reached all the students of classes VI, VII and VIII in West Bengal. Both Hindi and English versions of these workbooks are being prepared. SCERT (WB) provides necessary support to districts for orientation of the teachers on this workbook.

3. Development of supplementary text material in Natural Science for tribal (Santhali) students (Grade-III) and to study its significance on school achievemen

A bilingual supplementary text material (in Bengali and Santhali) in Natural Science has been developed for Santhali students studying in class-III of Bengali medium primary schools. The basic purpose was to design an intervention for improving participation of Santhali speaking children admitted to Bengali medium schools in the process of teaching-learning. The Bengali language of the Natural Science textbook for class-III has been rendered simpler. The translated version in Santhali of the Bengali portion was also provided in the same supplementary text material. The material thus prepared also contains illustrations, diagrams, etc. to contextualize the content with the environment of a typical Santhali habitation. Some evaluation items / activities suitable for the children under consideration have also been included. Some pages of the book would serve as activity sheets as well. In 2008-09, an Interim Report was prepared and submitted to PBSSM and other stakeholders.

25 primary schools in each of the three districts of West Bengal - Bankura, Birbhum and Purulia were selected for carrying out the research study. The material reached about 1000 students in the schools and a pre-intervention test was administered on the students before handing out the supplementary text material. A post-intervention test on the cohort was also administered. Marks obtained by the students in scholastic subjects in two terminal assessments held before and after getting the supplementary material were recorded. Collection of data and their analysis is still in progress. The findings will be presented in the form of a report and attempts would be made to design similar material in History / Geography for class – III.

4. **To develop content for Computer Aided Learning Materials on school subjects in Upper Primary**

SCERT (WB) has developed exemplar CAL lessons on eleven topics from Upper Primary syllabi of WBBSE curriculum. These lessons have been integrated in a CD using 'Eklavya' template developed by CDAC, Kolkata. The CD has been replicated in requisite number and, through the State Project Office, PBSSM, had been distributed to all the DPOs of our state, with a planning that the DPOs will make requisite number of copies of the CD and distribute them to the schools in the respective districts having computers in place. The materials have also been made available in SCERT portal for being downloaded by users.

Further district level workshops were held at DIETs Malda and Jalpaiguri in which more than sixty fresh scripts, suitable for CAL lessons, have been developed. From these, 38 scripts have been shortlisted and handed over to CDAC, Kolkata for development of the CAL lessons.

5. **To find out the learning achievement of students at Primary and Upper Primary levels vis-a vis attendance of teachers and students – a sample study**

Different tools were developed to collect information regarding school infrastructure, personal and professional details of teachers, enrolment and attendance of students, attendance of teachers and their activities. Items for conducting Achievement Surveys on selected students of class - III and class – VIII were also designed. A questionnaire to study the impact of private tuition was administered on these very students.

The survey was conducted in 310 primary and 89 upper primary schools in 17 districts through DIETs and DPOs. Three unannounced visits were made to each school for collection of data. After receiving the whole data from districts in digitized form, they were organized and analyzed at SCERT (WB). The report was prepared at SCERT (WB) and submitted to PBSSM, School Education Department, GoWB and other national level organisations.

C) OTHER PROGRAMMES

1. Study on implications of private tuition

SCERT (WB) conducted the survey in the state, as desired by the School Education Department, GoWB over representative samples of different cross-sections of the society, seeking opinions of the head teachers, the teachers, the guardians, the community members, the private tutors and the students. Questionnaires for the survey were developed at SCERT and were finalized in a meeting with different stakeholders and experts.

For conducting the study, 349 schools (240 primary, 67 upper primary / secondary and 39 higher secondary) in 17 districts of West Bengal were selected. The survey was conducted by the DIETs / DPOs in the respective districts. The study captured responses of more than 10,000 respondents through appropriate questionnaire/tool designed for each category of respondents. Achievement scores of more than 4000 students from classes IV, VII, IX and XI were also analysed.

Data organization and digitization in a MS-ACCESS programme were also carried out at the district level and submitted to SCERT (WB). The data were organized using Structured Query Language (SQL) at SCERT. From the organized data, a state report was generated. The report of the study, in its various chapters, traces out the opinions as expressed by the different stakeholders. It also describes the effect of private tuition on achievement of the students.The draft report was submitted to the School Education Department, GoWB on September 10, 2009 for its opinion.

The final report was published and 400 copies were handed over to the Secretary, West Bengal Legislative Assembly, for distribution among the members of the Legislative Assembly during the winter session on 08.12.2009.

2. Study for Quick Verification on Pratham's ASER 2007 report in the districts of Jalpaiguri & Purulia

Several meetings were held with "Pratham"'s representatives and their tools were viewed and discussed upon. Tools of the survey were developed at SCERT (WB) and administered in the districts level by the concerned DIETs. Data entry was carried out in the districts. The data collected were analysed at SCERT and the final report prepared at SCERT was submitted to the School Education Department in March 2009.

3. EDUSAT-linked videoconference programmes

An EDUSAT-linked Satellite Interactive Terminal (SIT) was installed at SCERT (WB) on 27.06.2006 under the national beam. Since then many orientation programmes / workshops have been conducted at SCERT in collaboration with CIET, NCERT

through teleconferencing. In 2008-09 and 2009-2010, till date SCERT (WB) has organised four workshops –

i) "Orientation of teachers teaching Mathematics to classes XI and XII under CBSE and State Board schools" on 24 – 26 February 2009.

ii) "Research Methodologies for ICT in Education through EDUSAT" for 5-7 October 2009 where 16 participating teacher educators / teachers contributed in developing research proposals.

iii) "Orientation programme of primary teachers of Mathematics regarding content and teaching strategies" on 3 -5 March 2010 in which 20 primary teachers participated.

iv) "Capacity Building of Teacher Educators for Promoting Inclusion of Children with Special Needs" on 15 – 18 March 2010.

4. Study on the reasons behind large decline in enrolment between classes I & II

The School Education Department, GoWB decided that the study would be conducted in two districts, namely, Jalpaiguri and South 24- Parganas. SCERT (WB), in collaboration with EDCIL, has brought out a state specific report for West Bengal.

5. Mid-term Achievement Survey for class-III and for class-VIII

The survey was conducted in 10 districts namely, Bardhaman, Bankura, North 24-Parganas, Nadia, Uttar Dinajpur, Jalpaiguri, Coochbehar, Malda and Dakshin Dinajpur. All the survey tools and achievement test papers developed at national level by NCERT were translated in Bengali. The scripts as received from districts were sent to NCERT after scrutiny for analysis and preparation of report.

6. Field trials of Terminal Achievement Survey at the end of class-V in collaboration with NCERT

The survey was conducted in two districts (Hooghly and North 24 Parganas) through the respective DIETs in 2009-10. The District Coordinators, Associate District Coordinators and Field Investigators were oriented in the methods of conducting the field trials of the survey.

7. Creation and maintenance of an electronic platform (PORTAL) for sharing of research information through interactive website at www.scertwestbengal.org

This website is a window to the activities taken up by SCERT (WB) and the DIETs, and also provides the online view of publications of SCERT. It provides an opportunity to the teachers, teacher-educators, researchers and persons interested in education to express their views on emerging issues in school education.

COMMENTS ON PRATYAY

Prof. Mamata Ray
President

West Bengal Board of Secondary Education
77/2, Park Street, Kolkata - 700 016

NO : 40/Pres/08

DATE : 16.05.08

Ref : 009/8/PEP/SCERT dated 30.04.08

Sub : Population Education 'Pratyay' Vol-III
No-1

Dear Sir,

Please accept my sincere thanks for the above mentioned volume. I will go through the volume and will try to share the issues with you.

Yours Sincerely,

(Mamata Ray)
President

The Director,
State Council of Educational Research
& Training, West Bengal,
25/3, Ballygunge Circular Road,
Kolkata – 700 019

© : 2217-4268, 2229-9660 (Fax), E-mail : wbbse05@yahoo.co.in

DIRECTORATE OF STATE COUNCIL OF
EDUCATIONAL RESEARCH AND TRAINING (SCERT)
MIZORAM, AIZAWL.

....

No.D.29012/2/2000-SCERT/PEP/32 - : Dated Aizawl, the 9th June, 2008

To,

The Director, SCERT (WB)
25/3, Ballygunge Circular Road,
Kolkata – 700019.

Subject: Acknowledgement..

Sir,

I have the honour to acknowledge herewith receipt of your letter No.008/28/PEP/SCERT dt 29.4.2008 with its enclosure of "Pratyay" Vol-III, No.-1 with thanks.

On going through the journal, we find it very interesting and helpful for the organising Adolescence/Population Programme and also endorse the suggestion put forward by the Director, DTERT, Chennai for the improvement of the journal.

Yours faithfully,

9/6/08

(SANGTHANMAWII)
Joint Director, SCERT
Mizoram : Aizawl.

Telegram : SECONDARY
Telephone : 2226-8594-96
2229-8597-98
2229-2580

WHEN REPLYING,PLEASE QUOTE
No........S/147.........
Date ....10.07....2008

From : Secretary
West Bengal Board of Secondary Education
77/2, Park Street, Kolkata - 700 016

To,
The Director,
State Council of Educational Research & Training (W.B),,
25/3, Ballygunge Circular Road,
Kolkata- 700 019.

Sub : A Rejoinder on an article published in Pratyay,
Volume III, No. 1, March 31,2008.

Sir,

I am directed to forward herewith a rejoinder in view of the article 'C.C.E., a long-felt need and its burning issues' by Sri Swapan Kumar Bhaduri in your journal 'Pratyay' (volume III, No. 1, March 31,2008).

In connection with the above you are requested to publish the same in the next issue of your journal.

Thanking you,

Yours faithfully,

S.K.Sarkar

(Swapan Kumar Sarkar)
Secretary

West Bengal Board of Secondary Education

77/2, Park Street, Kolkata- 16.

The article ' CCE, a long-felt need & its burning issues ' by Shri Swapan Kumar Bhaduri (published in Pratyay, March 31, 2008, an organ of the WBSCERT) has highlighted the strength and weaknesses of the recently introduced Unit Test & Summative Evaluation System by the W,B.B.S.E.

Quite validly, Bhaduri has pointed out that the new dispensation has maximized the pressure load for the teachers and the learners. In the introductory paragraph he has quoted from Vidyasagar's legendary letter to F.J. Mouat. The scheme vidyasagar visualized hardly differs from the one introduced by the W.B.B.S.E. Small tests spread over throughout the year relieve our children of the accumulated load of syllabus-coverage in one or two exams held in an academic session. Lightening the burden of exams by such spread over system was advocated by Vidyasagar not only from sound learning viewpoint, but also from the urgency of minimizing miss-outs owing to the sickness-prone student population, especially the rural students.

Shri Bhaduri has reverse-steered the logic of examination stress, which is defused through short periodic tests that go by the name of CCE. Calling CCE as CCCE, a new-found substitution, does not merely lead up to a redundancy of'C\ Rather this additional 'C helps us to ' see it steadily and see it whole'. Competency specific curriculum transaction and evaluation has become a buzzword internationally with the seal of approval by the UNESCO, following which the exercise for competency-analysis got momentum in the ' programmed education' system prevalent in various countries.

Terminology, or for that matter abbreviated terminology, should be a potential mnemonic for the 'doable' on the part of the practitioners. Under such a construct of understanding, what is the harm if the additional 'C* becomes for us a constant pointer to our 'double' as regards competency-analysis of a syllabus ? In fact, since 1987 WBBSE, like other state and central boards, has been a stickler to ihe practice of competency-analysis for curriculum transaction and evaluation. The progeny can demystify the abbreviation CCCE with some commitment to competency-analysis, which boosts up the principle of thoroughness, whether in teaching or in learning.

o We may end up with Lear : ' Reason not the need, judge by the result.' And to that end, WBBSE has gone in for a feedback survey and readjusted the annual academic calendar and unti-test formats.

রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ (প.ব.) এস.সি.ই.আর.টি.
এর সঙ্গে যোগাযোগের অন্যান্য মাধ্যম ঃ

দূরভাষ - (০৩৩) ২৪৮৬-৪৩-৭৭

- (০৩৩) ২৪৮৬-৫১১৪ (অধিকর্তা)

ফ্যাক্স - (০৩৩) ২৪৮৬-৫১১৪

পোর্টাল - www.scertwestbengal, org

ই-মেল - edusearch253@yahoo.com

THREE DAYS ADVOCACY
FOR SECONDARY
Organised by : S.C.E.R.T.
Venue : Malda D.I.E.T.

ORGANISED BY SCERT
FUNDED BY - NCERT.